# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
www.prebd.com

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়
ই-মেইল- info.bscs@bb.org.bd

বিজ্ঞপ্তি নং-১৯২/২০২৬

তারিখ : ০৭ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ২১ মে ২০২৬

**ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভুক্ত ০৩টি ব্যাংক-এ 'এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ইলেকট্রিক্যাল)/সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল)' (Job ID-10232) এর ০৩টি শূন্য পদে নিয়োগের লক্ষ্যে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণের সময়সূচি।**

ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভুক্ত ০৩টি ব্যাংক-এ 'এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ইলেকট্রিক্যাল)/ সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল)' (Job ID: 10232) এর ০৩টি শূন্য পদে নিয়োগের লক্ষ্যে এ সচিবালয়ের ২৯/০৪/২০২৬ তারিখের বিজ্ঞপ্তি নম্বর: ১৪৫/২০২৬ এর প্রেক্ষিতে ০৯/০৫/২০২৬ তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ১৫ জন প্রার্থীর মৌখিক পরীক্ষা পৃষ্ঠা নং ০২ এ বর্ণিত সময়সূচি অনুযায়ী বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয় (প্রধান ভবনের ৪র্থ তলা), মতিঝিল, ঢাকায় অনুষ্ঠিত হবে।

প্রার্থীদেরকে নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাদি এবং অনলাইন আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে নিম্নবর্ণিত প্রমাণক দলিলাদির **মূলকপি** প্রদর্শন করতে হবে এবং এতদসংক্রান্ত **এক সেট ফটোকপি** ক্রমানুসারে সাজিয়ে মৌখিক পরীক্ষার অব্যবহিত পূর্বে অবশ্যই মৌখিক পরীক্ষার বোর্ডের সহযোগী সদস্যদের নিকট জমা দিতে হবে:

| ক্রমিক | প্রয়োজনীয় দলিলাদি | |
|---|---|---|
| ১ | পরিচালক (বিএসসিএস) ও সদস্য-সচিব, ব্যাংকার্স সিলেকশন কমিটি, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর "এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ইলেকট্রিক্যাল) (Job ID-10232) পদের অনলাইন আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে দলিলাদি জমাদান" বিষয়ে প্রার্থীর নিজ স্বাক্ষরযুক্ত স্বহস্তে লিখিত আবেদনপত্র (A4 সাইজের অফসেট পেপারে)। | |
| ২ | সদ্য তোলা (অনধিক তিন মাস পূর্বে তোলা) ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (ছবির পিছনে প্রার্থীর নাম ও রোল নম্বর লিখতে হবে)। | |
| ৩ | সংশ্লিষ্ট পদের লিখিত পরীক্ষার প্রবেশপত্র। | সাদা কালো/ কালার প্রিন্ট |
| ৪ | এসএসসি/সমমান এর সনদ (O' Level উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স প্রমাণের জন্য জন্ম তারিখ সম্বলিত দালিলিক প্রমাণ যেমন NID, পাসপোর্ট অথবা জন্ম নিবন্ধন সনদ। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য নয়)। | মূল কপি এবং সত্যায়িত ফটোকপি |
| ৫ | এইচএসসি/সমমান এর সনদ। | ঐ |
| ৬ | সংশ্লিষ্ট বিষয়ে চার বছর মেয়াদী স্নাতক/স্নাতক(সম্মান) এর সনদ। | ঐ |
| ৭ | চার বছর মেয়াদী স্নাতক/স্নাতক(সম্মান) এর মার্কশীট/ট্রান্সক্রিপ্ট। | ঐ |
| ৮ | সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর (যদি থাকে) এর সনদ। | ঐ |
| ৯ | স্নাতকোত্তর এর মার্কশীট/ট্রান্সক্রিপ্ট। | ঐ |
| ১০ | আলোচ্য পদের নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত আবেদনের সর্বশেষ তারিখ, অর্থাৎ **২৯/০৬/২০২৫** তারিখের পরে ইস্যুকৃত চার বছর মেয়াদী স্নাতক/স্নাতক(সম্মান)/স্নাতকোত্তর পর্যায়ের সনদ/মার্কশিট-এ ফল প্রকাশের তারিখ উল্লেখ না থাকলে পরীক্ষা নিয়ন্ত্রক বা রেজিস্ট্রারের কার্যালয় হতে ইস্যুকৃত ফল প্রকাশের তারিখ সংক্রান্ত সনদ । | ঐ |
| ১১ | স্থায়ী ঠিকানার সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক সম্প্রতি ইস্যুকৃত জাতীয়তা সনদ/নাগরিকত্ব সনদ। | ঐ |
| ১২ | (ক) (১) মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার পুত্র-কন্যা হিসেবে প্রার্থীকে পিতার/মাতার মুক্তিযোদ্ধার সনদ।<br>(২) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট অথবা ওয়ারিশান/উত্তরাধিকার সনদ।<br>(খ) প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সনদ (পার্বত্য অঞ্চলের ক্ষেত্রে রাজার সনদও আনতে হবে)<br>(গ) প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে **২৯/০৬/২০২৫** তারিখ বা তার পূর্বে ইস্যুকৃত সুবর্ণ নাগরিক সনদ অথবা সমাজ সেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমপদমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ।<br>(ঘ) তৃতীয় লিঙ্গভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদ। | ঐ |
| ১৩ | 'O' Level পরীক্ষায় উত্তীর্ণ হলে অথবা বিদেশি বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রি প্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষাবোর্ড/বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সনদ (শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ) | ঐ |

অন্যান্য নির্দেশাবলীঃ

ক. চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তিপত্র প্রদর্শন করতে হবে;

খ. **রিপোর্টিং টাইম হতে মৌখিক পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত প্রত্যেক প্রার্থীকে তার মোবাইল ফোন বন্ধ রাখতে হবে;**

গ. প্রার্থীদের অবশ্যই মৌখিক পরীক্ষার জন্য নির্ধারিত সময়ে রিপোর্ট করতে হবে। **বিলম্বে রিপোর্ট করার কোনো কারণ কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য হবে না;**

ঘ. অনলাইন আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রমাণক দলিলাদির **মূলকপি** প্রদর্শন করতে ব্যর্থ হলে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

মৌখিক পরীক্ষার তারিখ ও সময়:

| মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের রোল নম্বর | প্রার্থী সংখ্যা | মৌখিক পরীক্ষার তারিখ ও রিপোর্টিং সময় |
|---|---|---|
| 20072, 20098, 20119, 20243, 20252, 20285, 20289, 20432, 20445, 20447, 20460, 20516, 20577, 20613, 20660 | ১৫ | ১১/০৬/২০২৬ বিকাল ০৩:৩০ টা |

বিশেষ দ্রষ্টব্য:

ক) অনিবার্য কারণবশতঃ প্রকাশিত ফলাফলে যে কোন সংশোধনের অধিকার ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয় (বিএসসিএস) সংরক্ষণ করে।

খ) প্রার্থী কর্তৃক দাখিলকৃত অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ তথ্য/দলিলাদি, অসদাচরণ এবং বিলম্বে উপস্থিতির কারণে নিয়োগ প্রক্রিয়ার যে কোনো পর্যায়ে প্রার্থীর সাথে কোনো যোগাযোগ ছাড়াই প্রার্থীতা বাতিল করার অধিকার বিএসসিএস সংরক্ষণ করে।

গ) মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

স্বাক্ষরিত/-
(মিজানুর রহমান আকন)
পরিচালক (বিএসসিএস)
ও
সদস্য-সচিব, বিএসসি